# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম অধ্যায় - অযৌক্তিকতা ও অশালীনতা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৮. ১. ১৭. ৬. নারী কতই না ঘৃণ্য!

বাইবেলের ভাষায় লজ্জাহীন নারী কুকুর বলে গণ্য: “A shameless woman shall be counted as a dog; but she that is shamefaced will fear the Lord”. অর্থাৎ “লজ্জাহীন নারী কুকুর বলে গণিতা হবে; তবে লজ্জাবনতা প্রভুকে ভয় করবে।” (বেন-সিরা ২৬/২৫) উল্লেখ্য যে, শ্লোকটা ইংরেজিতে বিদ্যমান তবে বাংলা জুবিলী বাইবেলে বেন সিরা ২৬ অধ্যায়ের ১৯ থেকে ২৭ শ্লোক নেই।

বাইবেল বলছে যে, নারীর বেশ্যাগিরি তার চোখের দৃষ্টি থেকেই জানা যায়: “The whoredom of a woman may be known in her haughty looks and eyelids: একজন নারীর বেশ্যাগিরি তার উদ্ধত দৃষ্টি এবং চোখের পাতা থেকেই জানা যায়।” জুবিলী বাইবেল: “স্ত্রীলোকের উচ্ছৃঙ্খলতা তার বড় বড় চোখেই প্রকাশিত, আর চোখের পাতাই তা সত্য বলে প্রমাণ করে।” (বেন সিরা ২৬/৯)

বাইবেল বলছে, নারীই সকল শঠতা, ধূর্ততা ও দুষ্টতার মূল ও উৎস: “For from garments cometh a moth, and from women wickedness. Better is the churlishness of a man than a courteous woman, a woman, I say, which bringeth shame and reproach”) “কেননা পোশাক থেকে পোকা, ও নারী থেকে শঠতা বের হয়। নারীর কোমলতার চেয়ে পুরুষের রুক্ষ ব্যবহার শ্রেয়। নারীরা লজ্জা ও বিদ্রূপ বয়ে আনে।” (জুবিলী বাইবেল: বেন-সিরা ৪২/১৩-১৪)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14458

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন